রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, মার্চ ৭, ১৯৯২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

শা-প্রজেই-৩

প্রজ্ঞাপন

তারিখঃ ২৩শে ফাল্গুন, ১৩৯৮/৭ই মার্চ, ১৯৯২

**এস, আর, ও নং ৫৩/আইন/৯১/শা-প্রজেই-৩/১আর-৩/৯১/৪১**—Paurashava Ordinance, 1977 (XXVI of 1977) এর section 44 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ—

প্রথম অধ্যায়

সূচনা

১। **সংক্ষিপ্ত শিরোনামা ও প্রয়োগ**।—(১) এই বিধিমালা পৌরসভার কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯২ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা পৌরসভার সকল সার্বক্ষণিক কর্মচারীর প্রতি প্রযোজ্য হইবে তবে, সরকার বা স্থানীয় কর্তৃপক্ষ হইতে প্রেষণে নিয়োজিত অথবা চুক্তি বা খণ্ডকালীন ভিত্তিতে নিয়োজিত কর্মচারীগণের ক্ষেত্রে এই বিধিমালার দ্বিতীয় অধ্যায়ের বিধানাবলী ব্যতীত অন্যান্য বিধানাবলীর কোন কিছু প্রযোজ্য বলিয়া তাহাদের চাকুরীর শর্তে বা ক্ষেত্রমত চুক্তিতে স্পষ্টভাবে উল্লিখিত না থাকিলে উক্ত অন্যান্য বিধানাবলী প্রযোজ্য হইবে না।



মূল্য : টাকা ১৫.০০

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "অধ্যাদেশ" বলিতে Paurashava Ordinance, 1977 (XXVI of 1977) বুঝাইবে ;

(খ) "অসদাচরণ" বলিতে চাকুরীর শৃংখলা বা নিয়মের হানিকর, অথবা কোন কর্মচারী বা ভদ্রজনের পক্ষে শোভনীয় নয় এমন, আচরণকে বুঝাইবে, এবং নিম্নবর্ণিত আচরণসমূহও ইহার অন্তর্ভুক্ত হইবে, যথা:—

(১) ঊর্ধ্বতন কর্মকর্তার আইনসংগত আদেশ অমান্যকরণ ;

(২) কর্তব্যে অবহেলা ;

(৩) কোন আইনসংগত কারণ ব্যতিরেকে পৌরসভার কোন আদেশ, পরিপত্র অথবা নির্দেশের প্রতি অবজ্ঞা প্রদর্শন ; এবং

(৪) কোন কর্তৃপক্ষের নিকট কোন কর্মচারীর বিরুদ্ধে বিচার বিবেচনাহীন, বিরক্তিকর, মিথ্যা বা ভিত্তিহীন অভিযোগ সম্বলিত দরখাস্ত পেশকরণ;

(গ) "নির্ধারিত কর্তৃপক্ষ" বলিতে এই বিধিমালার অধীনে কোন নির্দিষ্ট কার্য নিষ্পত্তির জন্য নির্ধারিত কর্তৃপক্ষ হিসাবে সরকার অথবা তৎকর্তৃক মনোনীত কোন কর্মকর্তাকে বুঝাইবে ;

(ঘ) "কর্তৃপক্ষ" বলিতে নিয়োগকারী কর্তৃপক্ষ কিংবা কর্তৃপক্ষের ক্ষমতা প্রয়োগ করার জন্য সরকার কর্তৃক মনোনীত কোন কর্মকর্তাকে বুঝাইবে এবং ক্ষেত্রমত, নিয়োগকারী কর্তৃপক্ষের ঊর্ধ্বতন কর্তৃপক্ষও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(ঙ) "কর্মকর্তা" বলিতে পৌরসভার কোন কর্মকর্তাকে বুঝাইবে ;

(চ) "কর্মচারী" বলিতে স্থায়ী বা অস্থায়ী কর্মচারীকে বুঝাইবে এবং যে কোন কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবেন;

(ছ) "ডিগ্রী" বা "ডিপ্লোমা" বা "সার্টিফিকেট" বলিতে ক্ষেত্রমত স্বীকৃত বিশ্ববিদ্যালয়, স্বীকৃত প্রতিষ্ঠান, স্বীকৃত ইন্সটিটিউট বা স্বীকৃত বোর্ড কর্তৃক প্রদত্ত ডিগ্রী, ডিপ্লোমা বা শিক্ষাগত যোগ্যতা নির্দেশক সার্টিফিকেটকে বুঝাইবে ;

(জ) "তফসিল" বলিতে এই বিধিমালার সহিত সংযোজিত তফসিলকে বুঝাইবে ;

(ঝ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" বলিতে নির্ধারিত কর্তৃপক্ষকে এবং ক্ষেত্রমত সংশ্লিষ্ট পৌরসভাকে বুঝাইবে ;

(ঞ) "পদ" বলিতে তফসিলে উল্লিখিত কোন পদকে বুঝাইবে ;

(ট) "পলায়ন" বলিতে বিনা অনুমতিতে চাকুরী বা কর্মস্থল ত্যাগ করা, অথবা ষাট দিন বা তদূর্ধ্ব সময় যাবত কর্তব্য হইতে অনুপস্থিত থাকা, অথবা অনুমতিসহ কর্তব্যে অনুপস্থিতির ধারাবাহিকতায় অনুমোদিত মেয়াদের পর ষাট দিন বা তদূর্ধ্ব সময় পুনঃ অনুমতি গ্রহণ ব্যতিরেকে অনুপস্থিত থাকা, অথবা বিনা অনুমতিতে দেশ ত্যাগ এবং ত্রিশ দিন বা তদূর্ধ্ব সময় বিদেশে অবস্থান করা, অথবা অনুমতিসহ দেশ ত্যাগ করিয়া বিনা অনুমতিতে অনুমোদিত সময়ের পর ষাট দিন বা তদূর্ধ্ব সময় বিদেশে অবস্থান করাকে বুঝাইবে ;

(ঠ) "প্রধান নির্বাহী কর্মকর্তা" বলিতে অধ্যাদেশের section 42 এর অধীন নিয়োজিত Chief Executive Officer কে বুঝাইবে ;

(ড) "প্রয়োজনীয় যোগ্যতা" বলিতে তফসিলে বর্ণিত কোন পদের বিপরীতে উল্লিখিত যোগ্যতাকে বুঝাইবে ;

(ঢ) "বাছাই কমিটি" বলিতে বিধি-৫ এর অধীন গঠিত কোন বাছাই কমিটিকে বুঝাইবে ;

(ণ) "স্বীকৃত ইন্সটিটিউট" বা "স্বীকৃত প্রতিষ্ঠান" বলিতে এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে সরকার কর্তৃক স্বীকৃত কোন ইন্সটিটিউট বা প্রতিষ্ঠানকে বুঝাইবে ;

(ত) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বলিতে আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয়কে বুঝাইবে এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা শিক্ষা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে ;

(থ) "স্বীকৃত বোর্ড" বলিতে আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডকে বুঝাইবে, এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য শিক্ষা বোর্ড বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **পৌরসভার শ্রেণীবিন্যাস ও পৌরসভা সার্ভিস গঠন।**—(১) পৌরসভাসমূহ ইহাদের বাৎসরিক আয়ের ভিত্তিতে নিম্নে বর্ণিত তিন শ্রেণীতে শ্রেণীভুক্ত করিয়া গণ্য হইবে, যথাঃ—

(ক) ৩ বৎসরের বাৎসরিক ন্যূনপক্ষে ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকা হইতে (সরকারী অনুদান বা সাহায্য ব্যতীত) ২৫,০০,০০০.০০ (পঁচিশ লক্ষ) টাকা পর্যন্ত গড় আয়ের পৌরসভাসমূহ "গ" শ্রেণীভুক্ত ;

(খ) ৩ বৎসরের বাৎসরিক ন্যূনপক্ষে ২৫,০০,০০১.০০ টাকা হইতে ৬০,০০,০০০.০০ টাকা পর্যন্ত (সরকারী অনুদান বা সাহায্য ব্যতীত) গড় আয়ের পৌরসভাসমূহ 'খ' শ্রেণীভুক্ত ;

(গ) ৩ বৎসরের বাৎসরিক ন্যূনপক্ষে ৬০,০০,০০১.০০ টাকা (সরকারী অনুদান বা সাহায্য ব্যতীত) গড় আয়ের উর্ধে এমন সব পৌরসভাসমূহ 'ক' শ্রেণীভুক্ত।

(২) কোন পৌরসভার আয় (সরকারী অনুদান বা সাহায্য ব্যতীত) বৃদ্ধি পাইলে, সরকার সরকারী গেজেটে প্রকাশিত আদেশ দ্বারা ইহাকে উচ্চতর শ্রেণীতে উন্নীত করিতে পারিবে।

(৩) সরকার প্রত্যেক শ্রেণীর পৌরসভার সাংগঠনিক কাঠামো (জনবল) নির্ধারণ করিবে যাহার ভিত্তিতে নিম্নে বর্ণিত চার শ্রেণীর কর্মকর্তা ও কর্মচারী সমন্বয়ে একটি পৌরসভা সার্ভিস গঠিত হইবেঃ—

(ক) সিনিয়র প্রশাসনিক এবং পেশাদারী পদসমূহ ১ম শ্রেণী কর্মকর্তা ;

(খ) জুনিয়র প্রশাসনিক এবং পেশাদারী পদসমূহ ২য় শ্রেণী কর্মকর্তা ;

(গ) দক্ষ, অদক্ষ কর্মচারী অফিস সহকারী এবং অদক্ষ কর্মচারীগণের তত্ত্বাবধায়ক দায়িত্ব পালনকারী কর্মচারীগণ ৩য় শ্রেণী কর্মচারী ; এবং

(ঘ) এম, এল, এস, এস, পিয়ন এবং তৎসম পর্যায়ের কর্মচারীগণ ৪র্থ শ্রেণী কর্মচারী।

(৪) উপ-বিধি (৩) এর অধীন শ্রেণীবিন্যাসকৃত, বিশেষ করিয়া, প্রথম শ্রেণী কর্মকর্তা এবং দ্বিতীয় শ্রেণী কর্মকর্তার সহিত সরকারী চাকুরীতে শ্রেণীবিন্যাসকৃত প্রথম শ্রেণীর এবং দ্বিতীয় শ্রেণী কর্মকর্তার কোন যোগসূত্র থাকিবে না।

## দ্বিতীয় অধ্যায়

৪। নিয়োগ পদ্ধতি।—(১) এই অধ্যায় এবং তফসিলের বিধানাবলী সাপেক্ষে, কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা হইবে, যথা :—

(ক) সরাসরি নিয়োগ ;

(খ) পদোন্নতি ;

(গ) প্রেষণে ; এবং

(ঘ) খণ্ডকালীন।

(২) কোন পদের জন্য কোন ব্যক্তির প্রয়োজনীয় যোগ্যতা না থাকিলে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে নির্ধারিত বয়স-সীমার মধ্যে না হইলে, তাহাকে উক্ত পদে নিয়োগ করা হইবে না:

তবে শর্ত থাকে যে, সরকারের নির্দেশ অনুসারে কোন বিশেষ শ্রেণীর প্রার্থীগণের ক্ষেত্রে উক্ত বয়স সীমা শিথিল করা যাইবে।

(৩) কোন পদে সরাসরি নিয়োগ বা পদোন্নতির মাধ্যমে নিয়োগদানের উদ্দেশ্যে সংশ্লিষ্ট বাছাই কমিটির সুপারিশ মোতাবেক কর্তৃপক্ষ ব্যবস্থা গ্রহণ করিবে।

(৪) সকল শূন্য পদে নিয়োগের পূর্বে স্থানীয় সরকার বিভাগের ছাড়পত্র গ্রহণ করিতে হইবে।

৫। কর্মকর্তা এবং কর্মচারী নিয়োগের বাছাই কমিটি।—(১) সকল কর্মকর্তার নিয়োগ নিম্নে বর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত হইতে হইবে:—

| | | |
|---|---|---|
| (ক) যুগ্ম-সচিব, স্থানীয় সরকার বিভাগ | .. | আহবায়ক ; |
| (খ) চেয়ারম্যান, সংশ্লিষ্ট পৌরসভা | .. | সদস্য ; |
| (গ) উপ-সচিব (পৌর), স্থানীয় সরকার বিভাগ | .. | সদস্য ; |
| (ঘ) সংশ্লিষ্ট পেশার একজন অভিজ্ঞ কর্মকর্তা (প্রয়োজনবোধে আহবায়ক কর্তৃক মনোনীত হইবেন) ; | .. | সদস্য ; |
| (ঙ) সংশ্লিষ্ট শাখার সিনিয়র সহকারী সচিব/ সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ। | .. | সদস্য-সচিব। |

(২) উপ-বিধি (১) এ গঠিত বাছাই কমিটি সুপারিশের উপর ভিত্তি করিয়া সরকার সংশ্লিষ্ট কর্মকর্তার পদের নিয়োগদান প্রদান করিবে।